ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৮৩

বিলোনীয়া, ২৩ জুলাই, ২০২৫

**দক্ষিণ ত্রিপুরা জেলায় ৭০৪ জন দিব্যাঙ্গকে সহায়তা সরঞ্জাম বিতরণ**

দিব্যাঙ্গজনদের কল্যাণে অ্যাসিস্টেন্স টু ডিসএবল পার্সনস ফর এইডস এন্ড অ্যাপ্লায়েন্সেস কেন্দ্রীয় প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। এই প্রকল্পে দিব্যাঙ্গজনদের কৃত্রিম অঙ্গ এবং তাদের সহায়ক বিভিন্ন যন্ত্র বা সরঞ্জাম দেওয়া হয়। এই প্রকল্পে দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট ৭০৪ জন দিব্যাঙ্গজন উপকৃত হয়েছেন। এরমধ্যে জোলাইবাড়ি ব্লকে ৬২ জন, সাতচাঁদ ব্লকে ৬৪ জন, পোয়াংবাড়ি ব্লকে ৮৯ জন, বকাফা ব্লকে ১০৮ জন, রাজনগর ব্লকে ৮৯ জন, ভারতচন্দ্রনগর ব্লকে ৬২ জন, ঋষ্যমুখ ব্লকে ৯৭ জন, বিলোনীয়া পুর পরিষদ এলাকায় ৫৭ জন, সাব্রুম নগর পঞ্চায়েত এলাকায় ১৯ জন এবং রূপাইছড়ি ব্লকে ৫৭ জন রয়েছেন। উল্লেখ্য, দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট দিব্যাঙ্গজন রয়েছেন ৫ হাজার ৭৮৯ জন। বিলোনীয়াস্থিত সমাজকল্যাণ ও সমাজশিক্ষা জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****